**জুলাই 2024**

**প্রিয় বোন,**

আমার প্রিয় স্বামী এবং আমাদের ধন্য স্মৃতির প্রিয় মেট্রোপলিটন প্রভুর সহিত দুই মাস হয়ে গেল রয়েছেন । এটি একটি পরিবাররূপে আমাদের জন্য, আমাদের বিশপ এবং আমাদের সম্পূর্ণ মন্ডলীর জন্য অতীব অপ্রত্যাশিত ছিল। আমরা একসঙ্গে আমাদের কাছ থেকে তাঁর বিদায়ের জন্য শোক প্রকাশ করেছি অশ্রু জলের সহিত ; তাঁর সমাধিস্থল প্রত্যক্ষ করেছি; এবং তাঁর জীবন, বিশ্বস্তভাবে খ্রীষ্টের সেবার বৎসরগুলিতে এবং দুঃস্থ ও দরিদ্রদের সাহায্য করতে ও মন্ডলীর নেতৃত্ব দেওয়ার জন্য তিনি যাহা কিছু করেছিলেন তাহা স্মরণ করিয়াছি।

আমি নিশ্চিত যে আপনি লাইভ স্ট্রিমিং-এর কিছু অংশ পর্দায় দেখেছিলেন। এটি আশ্চর্যজনক ছিল যে কতজন মানুষ-মহান ও ক্ষুদ্র সকলেই -মেট্রোপলিটনকে বিদায় জানাতে এসেছিল। তাঁর জীবন সুসমাচার এবং খ্রিস্টের ভালবাসার দ্বারা তাদেরকে স্পর্শ করেছিল। আমার মনে হয়, অনুষ্ঠান চলাকালীন আপনি আমাদের পরিবারকে সেই বড় পর্দায় দেখেছেন। আমাদের কাছে এটি সহজ ছিল না, কিন্তু ঈশ্বর আমাদের এই ধরনের দুঃখের সময়ে প্রকাশ্যে দেখা করার অনুগ্রহ দিয়েছিলেন। আপনার প্রার্থনার জন্য আপনাকে অনেক ধন্যবাদ, যাহার দ্বারা আমাদেরকে এগিয়ে যেতে সাহায্য করেছে।

আমি, সারা (আমাদের মেয়ে) এবং তার পরিবারের সাথে ছিলাম। যতক্ষণ না চল্লিশ দিনের শোকসভা শেষ হয় এবং আমি বাড়িতে আসার আগে আমাদের নতুন মেট্রোপলিটনকে স্থাপন করা হয়। আমার স্বামীর চলে যাওয়ার পরে আমার অনেক কিছুর যত্ন নেওয়া দরকার ছিল এবং আমি কৃতজ্ঞ আমার পরিবারের কাছে ,সমস্ত প্রকার সাহায্য ও ভালবাসার জন্য।

আমি বাড়িতে আসার পর থেকে, আমি আমাদের মন্ডলীর সকল বোনেদের কথা চিন্তা করছিলাম যাহারা আমাদেরকে ভালোবাসেন এবং আমাদের জন্য প্রার্থনা করেন। আমি কল্পনা করি, আপনি নিশ্চয়ই ভাবছেন যে ,আমি আমার স্বামীকে হারানোর পরে ঠিক হয়ে যাব কিনা।

প্রিয় বোন, এই কঠিন সময়ে ,আমি কীভাবে রয়েছি এবং ঈশ্বর আমাকে যে অনুগ্রহ দিয়েছেন সেইগুলি জানাতে আমি আপনাকে এই চিঠিটি লিখছি। যেহেতু, আমরা একটি অভিশপ্ত পৃথিবীতে বাস করি, তাই আমরা সকলেই আমাদের জীবনে সংগ্রাম এবং কোনো না কোনো ক্ষতির সম্মুখীন হবই । হয়ত, আজকে আমি যেইগুলি লিখছি সেইগুলি একদিন আপনার কাজে ও আসবে।

আমাদের নাতি-নাতনি সহ, আমাদের পরিবারের সবাই, মেট্রোপলিটানকে খুব মিস করছি । আমরা তাকে অনেক ভ্রমণে যেতে দেখতাম , কিন্তু তিনি সবসময় বাড়িতে আসতেন । এখন তাঁকে আবার দেখার জন্য আমাদেরকে স্বর্গে পৌঁছানো পর্যন্ত অপেক্ষা করতে হবে। আমি এবং মেট্রোপলিটান প্রায় ৫০ বছর (12 দিন ছোট) বিয়ে করেছি এবং আমি আশা করেছিলাম যে আমরা প্রভুর সেবা করার সময় আমাদের জীবনের এই শেষ সময়টুকু ও একসাথে কাটাতে পারব। কিন্তু এটি সব বিপরীত হয়েছে, আকস্মিক দুর্ঘটনা এবং মৃত্যু আমাদেরকে এই পৃথিবীতে শেষ কথোপকথন করতে বা পরস্পরকে বিদায় জানাতে ও দেয়নি।

এমন অনেক কিছু রয়েছে যেগুলো আমি এখনও বুঝতে পারি না, এবং আমার কাছে এমন প্রশ্ন রয়েছে যাহার উত্তর পেতে আমাকে অনন্তকাল পর্যন্ত অপেক্ষা করতে হবে।

ততক্ষণ পর্যন্ত, আমি আমাদের সার্বভৌম প্রভুকে বিশ্বাস করার সিদ্ধান্ত নিয়েছি, কারণ তাঁহার বাক্য বলে যে তিনি উত্তম  এবং তিনি প্রেমময়  এবং তিনি কখনও  ভুল করেন না।

যীশু কী আমার কান্না, আমি যে ক্ষতি অনুভব করি এবং আমি যে দুঃখ ও শোক অনুভব করি সে বিষয়ে যত্নশীল? ঈশ্বরের বাক্য আমাকে আশ্বস্ত করে যে তিনি করেন, কারণ তিনি এই পৃথিবীতে বাস করেছিলেন, এবং আমি যে সকল বিষয়ের  মধ্য দিয়ে যাচ্ছি তার স্বাদ তিনি নিয়েছেন। তদুপরি, ক্রুশে তিনি আমার সমস্ত দুঃখ, বেদনা এবং দুঃখ বহন করেছিলেন। যখন আমি ক্রন্দন করি , একাকীত্ব  বোধ করি এবং আমার ভবিষ্যত নিয়ে চিন্তাকরি  তখনও  তিনি  বুঝতে পারেন ।

আমার হৃদয়ে  এখন যে দুঃখ অনুভব করছি সেগুলো আমার থেকে  কবে দূরে  যাবে? ঈশ্বর আমাদের এমনভাবে সৃষ্টি করেছেন যে আমাদের শোক করার জন্য সময় প্রয়োজন ; যাতে আমাদের আত্মা (তার সমস্ত ভাবাবেগ সহ) পুনরুদ্ধার করতে পারে এবং ক্ষতির পরে নিরাময় অনুভব করতে পারে।

দায়ূদ  যিনি অনেক পরীক্ষার মধ্য দিয়ে গিয়েছেন তিনি গীতসংহিতা ২৩:৩-তে তাঁর নিজের অভিজ্ঞতা থেকে সাক্ষ্য দিয়েছেন, "তিনি আমার আত্মাকে পুনরুদ্ধার করেন।" আজকাল আমি গীতসংহিতা ২৩ এবং অন্য দুটি গীতসংহিতার মাধ্যমে দিনে কয়েকবার প্রার্থনা করি এবং আমি আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি যে, তিনি আমার কাছে এবং যারা তাঁহার উপর তাদের বিশ্বাস রাখে তাদের সকলের কাছে পুনরুদ্ধারের এই প্রতিশ্রুতি পূরণে বিশ্বস্ত।

আমি এক সময়ে প্রভুর উপর ভরসা করেছি। আমি এই মুহূর্তে সেই কারনে নিজেকে পরিচালনা করতে পারি, অন্যথায় আমি ভয়াভিভূত বোধ করি। এবং তিনি আমার সহিত  প্রতিদিন গমনাগমন করতে  এবং আমার প্রয়োজনীয় শক্তি দিতে বিশ্বস্ত।

দিনের জন্য আমার করণীয় তালিকাটি আগের চেয়ে ছোট, এবং কখনও কখনও আমাকে কেবল থামতে হয় এবং বিশ্রাম নিতে হয় বা আমার মিষ্টি নাতি-নাতনিদের সাথে সময় কাটাতে হয়।

যেটি আমাকে সবচেয়ে বেশি সাহায্য করে সেটি হল ঈশ্বরের বাক্য যাহাতে আমি আস্থা রাখতে পারি এবং এটিকে আঁকড়ে ধরে রাখতে পারি। আমার নিজের জীবনের প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সময়ে এবং পরিচর্যায় আমরা যে বহু সংগ্রামের মুখোমুখি হয়েছিলাম তার মধ্যে আমাকে এটি শিক্ষালাভ করতে এবং অনুশীলন করতে হয়েছিল। আমার প্রিয় বোন, আপনি আপনার জীবনে একটি বড় পরীক্ষার সম্মুখীন হওয়ার আগে আমি আপনাকে এটি শিক্ষা দিতে উৎসাহ বোধ করি।

আমি যে শাস্ত্রের উপর আমার আস্থা রেখেছি তার মধ্যে একটি হল যীশুর প্রতিশ্রুতি: “আমি কখনই তোমাকে ত্যাগ করব না এবং কখনও তোমাকে পরিত্যাগ করব না” (ইব্রীয় ১৩:৫)। ভবিষ্যতে কি ঘটবে সেগুলো নিয়ে আমার ভয় দূর করে।

আমি আপনাকে আমার প্রতি ঈশ্বরের ভালবাসা এবং অনুগ্রহের কথা বলি। আমার স্বামী যেদিন থেকে প্রভুর সহিত বাস করতে চলে গেলেন ! সেই দিন থেকে এখনও পর্যন্ত, আমার স্বর্গীয় পিতা আমার হৃদয়কে পূর্ণ করেছেন এবং তাঁহার অসাধারণ শান্তি দিয়ে আমাকে ঘিরে রেখেছেন। যদিও আমি চোখের জল ফেলি, এই শান্তি আমাকে রাতে ভাল ঘুমাতে দেয় এবং আমার মনে কোন ভয় নেই। আমি আমার প্রতি ঈশ্বরের যত্ন এবং করুণা সম্পর্কে খুব সচেতন।

আমি ঈশ্বরের কাছে কৃতজ্ঞ যে আমার স্বামী তার আহ্বানের প্রতি বিশ্বস্ত ছিলেন, তিনি হারিয়ে যাওয়া মানুষের কাছে পৌঁছানোর দর্শন রেখেছিলেন এবং পৃথিবীতে তাঁর জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি প্রভুর সেবা করেছিলেন। আমি বিশ্বাস করি যদি আমরা এখন তাঁকে দেখতে পেতাম, তাহলে তিনি আমাদের বলতেন যে তাঁর সমস্ত জীবনের শ্রম, অবিরাম

ভ্রমণ, সংগ্রাম এবং পরীক্ষা সবকিছুই সার্থক হল , যখন তিনি আমাদের ত্রাণকর্তার মুখোমুখি হলেন।          4

মেট্রোপলিটন প্রায়ই ইব্রীয় ১২: ১ থেকে সাক্ষীদের মহান মেঘ সম্পর্কে কথা বলেছিলেন যেগুলো আমাদের ঘিরে রয়েছে। আমি কল্পনা করি যে তিনি এই মেঘের সাথে সংযুক্ত হয়েছেন, এবং তিনি আগ্রহের সহিত দেখছেন যখন আমরা তার উদাহরণ অনুসরণ করতে থাকি এবং একটি মন্ডলীরূপে তিনি আমাদের জন্য যে দৃষ্টি ও লক্ষ্য রেখে গিয়েছিলেন তাহা পূরণ করে।

প্রিয় বোন, আমরা যীশু, আমাদের প্রভু, এবং আমাদের আধ্যাত্মিক পিতার কাছে সবচেয়ে বেশি সম্মান এবং আনন্দ নিয়ে আসব , যদি আমরা অনন্তকাল বেঁচে থাকতে মনোনীত করি এবং যাহারা পূর্বে কখনও শোনেনি তাদের কাছে সুসমাচার বহন করার জন্য আমাদের জীবন বিনিয়োগ করি। আসুন আমরা আমাদের মেট্রোপলিটান থিওফিলাস এবং আমাদের সমস্ত বিশপ এবং নেতৃবর্গের জন্য বিশ্বস্ততার সহিত প্রার্থনা করি। যেন তাহারা আমাদের মন্ডলীকে এগিয়ে নিয়ে যাওয়ার সাথে সাথে ঈশ্বর তাদের জ্ঞান দিয়ে পরিচালনা করেন। অতএব, ভগ্নিরূপে আমরা যেন তাহাদের এবং আমাদের মন্ডলীর জন্য একটি আশীর্বাদ এবং প্রেরণার পাত্র হতে পারি ।

আমার প্রিয় বোন, এই চিঠিতে আমি আপনাদের সাথে আমার গত দুই মাসের জীবনের যাত্রা শেয়ার করেছি। পুনরুত্থানের প্রতিশ্রুতি একদিন আমাদের সমস্ত শোককে আনন্দে পরিণত করবে। আমরা মেট্রোপলিটন এবং আমাদের পূর্বে যাহারা প্রয়াত হয়েছেন তাদের সাথে একসাথে থাকব। এই সময় টি অনন্ত কাল ধরে হবে এবং আমাদের ত্রাণকর্তার উপস্থিতিতে হবে।

অনুগ্রহ করে অবগত হন যে , আমি আপনাদেরকে যীশুর নামে ভালবাসি এবং আমি আপনাদের জন্য প্রার্থনা করি।

খ্রীষ্টে আপনাদের বোন,